

রাজৈর উপজেলায় মহান বিজয় দিবস-২০২০ উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীঃ

সভাপতি

ঃ মোঃ আনিসুজ্জামান
ঃ উপজেলা নির্বাহী অফিসার
রাজৈর, মাদারীপুর

স্থানঃ

ঃ উপজেলা পরিষদ সম্প্রসারিত কমপ্লেক্স ভবন, রাজৈর, মাদারীপুর।

তারিখ ও সময়

ঃ ০২/১২/২০২০ খ্রিঃ, সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দ

ঃ (নথিতে সংরক্ষিত)

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে মহান স্বাধীনতা সংগ্রামে জীবন উৎসর্গকারী বীর মুক্তিযোদ্ধাদের আত্মার প্রতি শ্রদ্ধা জানিয়ে ও তাঁদের রুহের মাগফিরাত কামনা করে সভার কাজ শুরু করা হয়। অতঃপর মহান বিজয় দিবস ২০২০ উদযাপনের নিমিত্ত জাতীয় কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৬-১১-২০২০ খ্রিঃ তারিখের স্মারক নং ৪৮.০০.০০০০.০০১.৪২.০০১.২০-৯০ অনুষ্ঠিত সভায় প্রণীত জাতীয় কর্মসূচি সকলের অবগতির জন্য পাঠ করে শোনানো হয়। প্রাপ্ত জাতীয় কর্মসূচির আলোকে রাজৈর উপজেলায় দিবসটি যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে উদযাপনের জন্য সভায় বিস্তারিত আলোচনান্তে জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে রাজৈর উপজেলায় স্বাস্থ্য বিধি মেনে সীমিত আকারে (মাস্ক ব্যবহার করে) নিম্নরূপ কর্মসূচি গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

তারিখ ও সময়	কর্মসূচী	স্থান	বাস্তবায়নে	মন্তব্য
১৬/১২/২০২০ খ্রিঃ বুধবার প্রত্যুষে	৩১ বার তোপধ্বনির মাধ্যমে দিবসের শুভ সূচনা	উপজেলা পরিষদ চণ্ডুর, রাজৈর	অফিসার ইনচার্জ, রাজৈর থানা	স্বাস্থ্য বিধি মেনে সীমিত আকারে (মাস্ক ব্যবহার করে)
১৬/১২/২০২০ খ্রিঃ বুধবার	সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন	সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, বেসরকারি প্রতিষ্ঠান, বেসরকারি ভবন ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহ	স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধানগণ ও ভবন মালিকগণ (পতাকার সঠিক মাপ ও রং সঠিক হওয়া বাঞ্ছনীয়)	ঐ
১৬/১২/২০২০ খ্রিঃ বুধবার সকাল ৮.০০ টা	রাজৈর কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ।	রাজৈর কেন্দ্রীয় শহীদ মিনার।	পুষ্পস্তবক অর্পণ উপ-কমিটি	ঐ (উপজেলা পরিষদের কর্মকর্তাসহ সংশ্লিষ্ট)
সকাল ৮.৩০ মিঃ	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর কর্তৃক আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন।	উপজেলা পরিষদ চণ্ডুর, রাজৈর	জাতীয় পতাকা উত্তোলন উপ-কমিটি	ঐ (পতাকা উত্তোলনের সময় জাতীয় সংগীত পরিবেশন।)
সকাল ১০.০০ টা	ভার্চুয়ালি (অন লাইনে) জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে জাতীয় সমৃদ্ধি অর্জন শীর্ষক আলোচনা।	আছমত আলী খান মিলনায়তন	আলোচনা উপ-কমিটি	ভার্চুয়ালি (অন লাইনে) অনুষ্ঠিত হবে।
বাদ জোহর	জাতির শান্তি ও অগ্রগতি কামনা করে, মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে বিশেষ প্রার্থনা।	মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় উপাসনালয়।	সংশ্লিষ্ট কর্তৃপক্ষ	স্বাস্থ্য বিধি মেনে সীমিত আকারে (মাস্ক ব্যবহার করে)
দুপুর ২.০০ টা	উন্নতমানের খাবার পরিবেশন	হাসপাতাল/ এতিমখানা	সংশ্লিষ্ট কর্তৃপক্ষ	স্বাস্থ্য বিধি মেনে ও সামাজিক দূরত্ব বজায় রেখে।